## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২১

সময় : বেলা ১১:০০ টায়

উপস্থিত সদস্য: পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং মহান ভাষা আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অত:পর উপস্থিত সদস্যদের মুক্ত আলোচনায় অংশগ্রহণের অনুরোধের প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা, উপজেলা শিক্ষা অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফিল্ড সুপারভাইজার, মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভেটেরিনারি সার্জন, একাডেমিক সুপারভাইজার, প্রধান শিক্ষক, নলডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়, মোঃ মামুনুর রশিদ (তোতা), সহকারী অধ্যাপক, শহীদ নজমুল হক সরকারি কলেজ, সভাপতি, উপজেলা আওয়ামী লীগ, নলডাঙ্গা, নাটোর সভায় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। সভাপতি জানান যে, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা ও সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংগ্রহণে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভাপতি সকলকে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও একাডেমিক সুপারভাইজার, উপজেলা শিক্ষা অফিসার এবং প্রতিষ্ঠান প্রধানদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, নলডাঙ্গা উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অত:পর নলডাঙ্গা উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি প্রণয়ন করা হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন/ব্যবস্থা গ্রহণ |
|---|---|---|---|
| ২১/০২/২০২১<br>রাত ১২.০১ মি. | শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ | উপজেলা শহিদ মিনার চত্বর | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান<br>সহযোগিতায় মেয়র, নলডাঙ্গা পৌরসভা |
| ২১/০২/২০২১<br>সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত/ বেসরকারি ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | বিভিন্ন সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহ | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান/ভবন কর্তৃপক্ষ |
| ২০/০২/২০২১<br>সকাল ১০:০০ টা | শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা | নলডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়, নলডাঙ্গা, নাটোর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২১/০২/২০২১<br>বেলা ১১.০০ টায় | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা | নলডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়, নলডাঙ্গা, নাটোর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২১/০২/২০২১<br>বাদযোহর/<br>সুবিধাজনক সময়ে | ভাষা শহিদদের রুহের মাগফেরাত এর জন্য মোনাজাত/প্রার্থনা | মসজিদ/মন্দির/গির্জা ও অন্যান্য উপাসনালয় কর্তৃপক্ষ | মেয়র, নলডাঙ্গা পৌরসভা/ ইউ,পি চেয়ারম্যান (সকল) এবং ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নলডাঙ্গা, নাটোর |
| ২১/০২/২০২১<br>সময় দুপুর: ০২:৩০ টায় | একুশের চেতনা ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান | নলডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ | সংশ্লিষ্ট উপ-কমিটি |

### কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি

১। একাডেমিক সুপারভাইজার, নলডাঙ্গা, নাটোর, নাটোর- আহবায়ক
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর - সদস্য
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর- সদস্য

### সাংস্কৃতিক অনুষ্ঠান

১। উপজেলা মৎস্য কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর- আহবায়ক
২। উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নলডাঙ্গা, নাটোর- সদস্য
৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, নলডাঙ্গা, নাটোর- সদস্য

**অন্যান্য সিদ্ধান্ত সমূহ :**

১. দিবসটি উপলক্ষ্যে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ভবন ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা সঠিকভাবে অর্ধনমিত রাখার বিষয়ে প্রচারণার জন্য মেয়র, নলডাঙ্গা পৌরসভাকে অনুরোধ করা হলো।

২. পৌরসভা ও ইউনিয়ন পর্যায়েও এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য মেয়র, নলডাঙ্গা পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

৩. কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে শহিদ মিনারে আসার এবং পুষ্পস্তবক অর্পণের ক্ষেত্রে প্রতিটি সংগঠনের পক্ষ থেকে সর্বোচ্চ ০৫জন প্রতিনিধি ও ব্যক্তি পর্যায়ে এক সাথে সর্বোচ্চ ০২জন শহিদ মিনারে মাস্ক পড়ে পুষ্পস্তবক অর্পণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৪. উপজেলা পরিষদের শহীদ মিনার পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং প্রয়োজনীয় আলোর ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

৬. শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকল অনুষ্ঠানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা, নাটোর-কে অনুরোধ করা হলো।

৭. দিসব উপলক্ষ্যে সকল ভেন্যুতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা জন্য সহকারী জেনারেল ম্যানেজার, নলডাঙ্গা সাব-জোনাল অফিস, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো।

৮. ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি দিবসটি সুন্দর ও সুষ্ঠুভাবে উদযাপন এবং সকল কর্মসূচিতে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০২/২১

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর
ই-মেইল: unonaldanga@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
www.naldanga.natore.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯৫৫.০০০.০৫.০০৪.১৮-১০৪

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭ / ১৮ ফেব্রুয়ারি ২০২১

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. মাননীয় সংসদ সদস্য, ৫৯ নাটোর-২ (নলডাঙ্গা-নাটোর)।
২. জেলা প্রশাসক, নাটোর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১. মেয়র, নলডাঙ্গা পৌরসভা, নলডাঙ্গা, নাটোর।
২. উপজেলা ......................................................অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৩. চেয়ারম্যান, ব্রহ্মপুর/ মাধনগর/ খাজুরা/ পিপরুল/ বিপ্রবেলঘড়িয়া ইউ,পি, নলডাঙ্গা, নাটোর।
৪. জনাব ..........................................................................................

১৮/০২/২১

মোঃ আব্দুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর